

2021/TDC/CBCS/ODD/
BNGHCC-502T/369

TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022

BENGALI

(5th Semester)

Course No. : BNGHCC-502T

(বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : $2 \times 10 = 20$

- ১। রাজনৈতিক ভূখণ্ড হিসেবে কোন্ গ্রন্থে প্রথম বঙ্গদেশের নাম পাওয়া যায়? গ্রন্থটির লেখক কে?
- ২। 'পরমদৈবত' কাদের বলা হতো? প্রাচীনকালে কয়েকটি মণ্ডলের সমষ্টিতে কী বলা হতো?
- ৩। কোন্ পাল রাজার আমলে 'কৈবর্ত বিদ্রোহ' সংঘটিত হয়েছিল? বিদ্রোহের নেতাক কে ছিলেন?

- ৪। কোন্ সেন রাজার আমলে তুর্কি আক্রমণ সংঘটিত হয়েছিল?
তুর্কি সেনাপতির নাম কী?
- ৫। 'চৈতন্যলীলার ব্যাস' কাকে বলা হয়? তাঁর রচিত চৈতন্য
জীবনীগ্রন্থটির নাম লেখো।
- ৬। 'ভাগবত'-এর অনুবাদক মালাধর বসু কী উপাধিতে ভূষিত
হয়েছিলেন? রামদাস আদক কোন্ 'মঙ্গলকাব্য' ধারার কবি?
- ৭। কার, কোন্ গ্রন্থে বর্গী হাঙ্গামার প্রথম বিস্তৃত পরিচয় পাওয়া
যায়?
- ৮। বাংলার বর্গী আক্রমণকে কেন্দ্র করে রচিত বিখ্যাত মৌখিক
ছড়াটির উল্লেখ করো।
- ৯। ফোর্ট উইলিয়ম কলেজের প্রতিষ্ঠাতা কে? ডিরোজিও-র পুরো
নাম লেখো।
- ১০। বঙ্গভঙ্গ কত সালে রদ করা হয়েছিল? কোন্ ঘটনার পর
রবীন্দ্রনাথ নাইটহুড উপাধি ত্যাগ করেছিলেন?
- ১১। ১৯০৫ সালের অক্টোবর মাসের কত তারিখে বঙ্গভঙ্গের
আনুষ্ঠানিক ঘোষণা করা হয়েছিল? রবীন্দ্রনাথের 'আত্মশক্তি'
গ্রন্থটির প্রকাশকাল কত?
- ১২। 'বঙ্গবিভাগ' প্রবন্ধটির রচয়িতা কে? 'আজ বাংলাদেশের হৃদয়
হতে কখন আপনি' গানটি কোন্ পরিপ্রেক্ষিতে রচিত?

- ১৩। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আরম্ভ ও সমাপ্তি সালের উল্লেখ করো।
- ১৪। দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ও তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের একটি করে উপন্যাসের নাম লেখো।
- ১৫। মন্থন রায়েক কোন্ নাটকে পৌরাণিক বাতাবরণের রূপকে ইংরেজ শাসকের দমন পীড়নের চিত্র অঙ্কিত হয়েছে? শচীন্দ্রনাথ সেনগুপ্ত রচিত দেশপ্রেমমূলক একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০

- ১৬। প্রাচীন যুগের বাঙালির সামাজিক জীবনের পরিচয় দাও।
- ১৭। প্রাচীন যুগে বাংলার রাষ্ট্র পরিচালনা সম্পর্কে আলোচনা করো।
- ১৮। তুর্কি আক্রমণের পরবর্তী দেড়শ বছরকে বাংলার সাহিত্য ও সাংস্কৃতিক জীবনে 'অন্ধকার যুগ' বলে অভিহিত করা যুক্তিযুক্ত কি না এ সম্বন্ধে তোমার অভিমত দাও।
- ১৯। 'মঙ্গলকাব্য'গুলোতে লোকায়ত সমাজ-মানসের যে পরিচয় পাওয়া যায়, যে কোনো ধারার একটি 'মঙ্গলকাব্য' অবলম্বনে তা পর্যালোচনা করো।

- ২০। উনিশ শতকে বাংলার সমাজ-সংস্কারে ব্রাহ্মধর্মের অবদান বিশ্লেষণ করো।
- ২১। উনিশ শতকের নবজাগরণে 'ইয়ং বেঙ্গল' গোষ্ঠীর অবদান বিশ্লেষণ করো।
- ২২। বঙ্গভঙ্গের পটভূমি ও উদ্দেশ্যগুলি পর্যালোচনা করো।
- ২৩। বঙ্গভঙ্গের প্রতিক্রিয়ায় রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের স্বদেশী গানগুলি সম্বন্ধে আলোচনা করো।
- ২৪। দুই বিশ্বযুদ্ধ মধ্যবর্তীকালে রচিত বাংলা নাটকে সমাজের নিপীড়িত মানুষের জীবন সংগ্রামকে কীভাবে প্রাধান্য দেওয়া হয়েছে, যে কোনো দুটি নাটক অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।
- ২৫। প্রাক-স্বাধীনতা পর্বে রচিত বাংলা উপন্যাসে স্বদেশভাবনার স্বরূপ কীভাবে ফুটে উঠেছে, যে কোনো দুটি উপন্যাস অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।
